

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পলী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং- ৪৬.০৪২.০১৯.০২.০০.১৩৭.২০১৩. ১১৯৬


তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২৯ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : ঢাকা জেলা পরিষদে প্রেষণে প্রকৌশলী নিয়োগ/পদায়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এলজিইডি'র ২২/৬/২০১৬ তারিখের এলজিইডি/সিই/ই-১৬১/২০১৩/৪৬১৯ নং স্মারকে দোহার উপজেলা প্রকৌশলীর দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী জনাব এ, এস, এম সোজাউদ্দৌলাকে ঢাকা জেলা পরিষদে প্রেষণে পদায়নের জন্য স্থানীয় সরকার বিভাগে ন্যস্ত করা হয়। এছাড়া এলজিইডি'র ১৪/৫/২০১৭ তারিখের এলজিইডি/সিই/ই-১৬/২০১০/২৮২৮ নং স্মারকে উপজেলা সহকারী প্রকৌশলী জনাব ভাস্কর মৃধাকে শরীয়তপুর জেলা পরিষদে পদায়নের প্রস্তাব করা হয়েছে। এলজিইডি হতে প্রকৌশলী পদায়নের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের ২০/১২/২০০৯ তারিখের স্থাসবি/জেপশা/বদলী-২/২০০৪/৩০৮৮ নং স্মারকে একটি প্রজ্ঞাপন জারী করা হয়। উক্ত প্রজ্ঞাপন অনুযায়ী জেলা পরিষদের প্রকৌশলীদের প্রেষণ/ পদায়ন/ বদলী ও প্রত্যাহার সংক্রান্ত কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে পরিচালিত হবে। এলজিইডি প্রকৌশলীদের সরাসরি জেলা পরিষদে পদায়ন না করে এ বিভাগের চাহিদা অনুযায়ী ১:২ ভিত্তিতে নাম প্রস্তাব করবে এবং স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে। স্থানীয় সরকার বিভাগের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও এলজিইডি কর্তৃক উপ-সহকারী প্রকৌশলী জনাব এ, এস, এম সোজাউদ্দৌলাকে ঢাকা জেলা পরিষদে এবং উপজেলা সহকারী প্রকৌশলী জনাব ভাস্কর মৃধাকে শরীয়তপুর জেলা পরিষদে পদায়নের প্রস্তাব করা সমীচীন নয়।

০২। এমতাবস্থায়, এলজিইডি হতে প্রকৌশলীদের সরাসরি জেলা পরিষদে পদায়ন না করার বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সুস্পষ্ট নির্দেশনা থাকা সত্ত্বেও ঢাকা জেলা পরিষদে উপসহকারী প্রকৌশলী এবং শরীয়তপুর জেলা পরিষদে সহকারী প্রকৌশলী পদায়নের প্রস্তাব কি ভাবে করা হলো সে বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনামতে:


২৯/৫/২০১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
এলজিইডি ভবন, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা

২৫২
২৭২

নং : স্থাসবি/জেপশা/বদলী-২/২০০৪/৩০৮৮

তারিখ : ০৬/০৯/১৪১৬ বঃ।
২০/১২/২০০৯ খ্রিঃ।


প্রজ্ঞাপন

সরকার পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জেলা পরিষদসমূহে সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীদের প্রেষণ/পদায়ন/বদলী ও প্রত্যাহার সংক্রান্ত কার্যক্রম স্থানীয় সরকার বিভাগের মাধ্যমে পরিচালনার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

২। স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীদের সরাসরি জেলা পরিষদে পদায়ন না করে এ বিভাগের চাহিদা অনুযায়ী ১:২ ভিত্তিতে নাম প্রস্তাব করবে এবং স্থানীয় সরকার বিভাগ এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করবে।

৩। স্থানীয় সরকার বিভাগের ১৮/৬/১৯৯০ তারিখের প্রজ্ঞাই-৪/জেপ-১৮/৯০/৯০৬ নং বিজ্ঞপ্তির কার্যকারিতা এতদ্বারা বাতিল করা হ'ল।

৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


(মোঃ আখতার হোসেন)
উপ-সচিব(প্রশাসন)
ফোনঃ ৭১৬৮২৮৬

নং : স্থাসবি/জেপশা/বদলী-২/২০০৪/৩০৮৮

তারিখ : ০৬/০৯/১৪১৬ বঃ।
২০/১২/২০০৯ খ্রিঃ।


অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'লঃ

সদয় কার্যার্থে :

- ১। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) আগারগাঁও, ঢাকা।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, -----(সকল)।

সদয় জ্ঞাতার্থেঃ

- ১। কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/সিলেট/বরিশাল।
- ২। জেলা প্রশাসক, -----জেলা (সকল)।
- ৩। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। যুগ্ম-সচিব (প্রশাসন/উন্নয়ন/পাস)/মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।


(মোঃ আলিউল্লাহ)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৭১৬৯২৭৪